বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী Bangladesh 50

মুজিববর্ষ ১০০

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি


সারিয়াকান্দি পৌরসভা কার্যালয়
সারিয়াকান্দি, বগুড়া।
স্থাপিত-১৯৯৯

www.sariakandipourashava.gov.bd

Email: sariakandipourasava@gmail.com


স্মারক নং সাকাপ/প্রঃবিঃ/২০২৩-২৪/

তারিখঃ ১০/০৩/২০২৪ইং।

## ওয়ার্ড সমন্বয় কমিটি (WC) সভা/২০২৪

এতদ্বারা আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৪/০৩/২০২৪ খ্রিঃ রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় সারিয়াকান্দি পৌরসভার ০৬ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়ে WC সভা আহ্বান করা হয়েছে। উক্ত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করছি।

আলোচ্য বিষয় সমূহঃ

০১। উন্নয়ন বিষয়ে আলোচনা।
০২।পৌরসভার হোল্ডিং কর পরিশোধ প্রসঙ্গে আলোচনা।
০৩। পৌরসভার বাজার উন্নয়ন প্রসঙ্গে আলোচনা।
০৪। বিবিধ আলোচনা।

২০/০৩/২৪
(মোঃ মুনজু মিয়া)
সভাপতি
WC কমিটি
ও
কাউন্সিলর, ওয়ার্ড নং ০৬
সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

বিতরণঃ

০১। জনাব ...........................................
...................................................
WC কমিটির সকল সদস্য বৃন্দ, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

০২। জনাব ...........................................
পিতা/স্বামী...........................................
ওয়ার্ড...........নং ওয়ার্ড, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী Bangladesh 50

সারিয়াকান্দি পৌরসভা কার্যালয়
সারিয়াকান্দি, বগুড়া।
স্থাপিত-১৯৯৯

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

www.sariakandipourashava.gov.bd
Email: sariakandipourasava@gmail.com

## ওয়ার্ড সমন্বয় কমিটি (WC) সভার কার্য্য বিবরণী/২০২৪, সভা নং-০৬-----

সভাপতি ঃ জনাব মোঃ মুনজু মিয়া, কাউন্সিলর, ওয়ার্ড-০৬, সারিয়াকান্দি পৌরসভা,বগুড়া।

তারিখ ঃ ২৪/০৩/২০২৪ ইং, রোজ- রবিবার।

সময় ঃ সকাল- ১০.০০ ঘটিকা ।

স্থান ঃ ০৬ নং ওয়ার্ড সারিয়াকান্দি পাবলিক লাইব্রেরী এন্ড ক্লাব, সারিয়াকান্দি, বগুড়া।

অদ্যকার সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর অদ্যকার সভার আলোচ্য সূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্য সূচী ০১ ঃ গত সভার কার্য্য বিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ পূর্ববর্তী সভার কার্য্যবিবরণী পাঠান্তে সর্ব সম্মতি ক্রমে অনুমোদিত হয়।

আলোচ্য সূচী ০২ ঃ উন্নয়ন বিষয়ে আলোচনা ।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ অদ্যকার সভায় উন্নয়ন বিষয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভার সদস্য জনাব সহাদেব কুমার রবিদাস দাবী জানান, ০৬ নং ওয়ার্ডে সারিয়াকান্দি বাজারটি নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন করা দরকার। উক্ত সভার জনাব মোঃ গোলাম মোস্তাফা, সদস্য তিনি দাবী করেন, অত্র পৌরসভার ০৬ নং ওয়ার্ডে অনেক গরীব মেধাবী শিক্ষার্থী রয়েছে তাহাদের আর্থিক সহায়তা করা দরকার, জনাব মোঃ মোজাফ্ফর রহমান, সদস্য তিনি জানান অত্র পৌরসভার ০৬নং ওয়ার্ডে জননিরাপত্তার ভিত্তিতে ১৮টি সোলার লাইট স্থাপন করা জরুরী প্রয়োজন বলে সভায় প্রস্তাব দেন। এ বিষয়ে জনাব মোঃ মুনজু মিয়া সভপতি, তিনি জানান পৌরসভার ০৬ নং ওয়ার্ডের সকল প্রকার সমস্যা নিয়ে পৌর মাসিক সভায় উপস্থাপন করা হবে। উক্ত সভায় সকল সদস্যবৃন্দের দাবী জানান, কেন্দ্রীয় মসজিদ হতে বাধ পর্যন্ত আর,সি,সি রাস্তা নির্মান করতে হবে এবং ড্রেন নির্মান করে জলাবদ্ধতা নিরসন করতে হবে বলে মাননীয় মেয়র মহোদয়কে অনুরোধ জানান এবং তাহা সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্য সূচী ০৩ ঃ পৌরসভার হোল্ডিং কর পরিশোধ প্রসঙ্গে আলোচনা।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ অদ্যকার সভায় পৌরসভার হোল্ডিং কর পরিশোধ বিষয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন যে, অত্র পৌরসভার ০৬ নং ওয়ার্ডের সকল নাগরিকগন যাতে পৌর কর সময়মত পরিশোধ করে এবং নাগরিক সেবা সঠিক ভাবে পায় সেদিকে লক্ষ্য রাখতে হবে এবং উঠান বৈঠক ও খেলাপী পৌর কর আদায়ের জন্য নোটিশ প্রদান করা যেতে পারে বলে সভায় উথাপন করেন। এ বিষয়ে উপস্থিত সকল সদস্য বৃন্দ একমত পোষন করেন এবং পৌর মাসিক সভায় উপস্থাপন বিষয়ে সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্য সূচী ০৪ ঃ পৌরসভার বাজার উন্নয়ন বিষয়ে আলোচনা।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ উক্ত সভায় পৌরসভার বাজার উন্নয়ন বিষয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভাপতি বলেন যে, পৌরসভার পরিচ্ছন্নকর্মী দ্বারা নিয়মিত বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে এবং নিয়মিত বাজার পরিদর্শন করতে হবে বলে সভায় উথাপন করেন এবং জনসাধারণের সুবিধার্থে পৌর বাজারটি আরো সম্প্রসারণ করা দরকার বলে সভায় প্রস্তাব দেন। এ বিষয়ে উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষন করেন তাহা সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্য সূচী ০৫ ঃ বিবিধ আলোচনা নাই ।

অতপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষনা করেন।

২৪/০৬/২৪

(মো: মুনজু মিয়া)
সভাপতি
WC কমিটি
ও
কাউন্সিলর, ওয়ার্ড নং ০৬
সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

# উপস্থিতি শীট

পৌরসভার নাম ঃ সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

ওয়ার্ড সমন্বয় কমিটি (WC) ---০৬------- নং সভা

সভার স্থান ঃ সারিয়াকান্দি, ০৬ নং ওয়ার্ড কাউন্সিলর এর কার্যালয়।

সভার তারিখ ঃ --২৪/০৬/২০২৪ ইং

সময় ঃ ---সকাল ১০ ঘটিকা

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | কমিটিতে পদবী | দস্তখত ও তারিখ |
|---|---|---|---|
| ০১ | মোঃ মুনজু মিয়া<br>কাউন্সিলর ওয়ার্ড নং ০৬(ছয়),<br>সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সভাপতি | [signature] ২৪/০৬/২৪ |
| ০২ | মোছাঃ আলেফা বেগম<br>কাউন্সিলর, সংরক্ষিত আসন-০৬,০৮,০৯<br>সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সহ-সভাপতি | আলেফা |
| ০৩ | মোঃ মতিউর রহমান<br>মেয়র<br>সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | [signature] ২৪/০৬/২৪ |
| ০৪ | শ্রী রতন কুমার বর্মন<br>পিতা- শ্রী শুটকা বর্মন<br>সারিয়াকান্দি, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | |
| ০৫ | শ্রী নন্দ দুলাল সাহা<br>পিতা- মৃত. কৃষ্ণ কমল সাহা<br>সারিয়াকান্দি, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | [signature] |
| ০৬ | সহদেব কুমার রবিদাস<br>পিতা- মৃত. মহন লাল রবিদাস<br>সারিয়াকান্দি, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | শ্রী সহদেব |
| ০৭ | মোঃ গোলাম মোস্তফা<br>পিতা- মৃত. আব্দুল মান্নান<br>আন্দরবাড়ী, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | [signature] |
| ০৮ | মোঃ মোজাফ্ফর রহমান<br>পিতা- মৃত. আলীম উদ্দীন ব্যাপারী<br>আন্দরবাড়ী, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | [signature] ২৪/০৬/২৪ |
| ০৯ | মোছাঃ সহিদা বেগম<br>পিতা- মৃত. জান মাহমুদ<br>আন্দরবাড়ী, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | সহিদা |
| ১০ | মোঃ নুরুল ইসলাম<br>পিতা- মৃত. আহম্মেদ আলী প্রাং<br>আন্দরবাড়ী, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | |
| ১১ | মোঃ শফি মাহমুদ<br>সহকারী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য-সচিব | [signature] |